



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
মোহনগঞ্জ উপজেলা, নেত্রকোনা
ওয়েবঃ dphe.mohongonj.netrokona.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নংঃ ৪৬.০৩.৭২৬৩.০৬২.৯৯.০৪৭.১৯-৪৩

তারিখঃ ০৫ ফাল্গুন ১৪২৮
২৮ ফেব্রুয়ারী ২০২২

বিষয়ঃ দ্রুততার সহিত কাজ সমাপ্ত করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নির্বাহী প্রকৌশলী, জঃস্বাঃপ্রঃঅঃ, নেত্রকোনা মহোদয়ের কার্যাদেশ নং-২০৬৪ তারিখঃ ১৬/০৩/২০২১ খ্রিঃ ও প্যাকেজ নংঃ PW-79.3 এর আওতায় আপনি মোহনগঞ্জ উপজেলায় ৬৫ টি টিউবওয়েল স্থাপনের জন্য চুক্তি বন্ধ হয়েছেন যার কাজ গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখে শেষ হওয়ার কথা। কিন্তু অদ্যাবধি আপনি উক্ত কাজ সম্পন্ন করেননি। এখনো আপনার প্রায় ৬০ টি প্ল্যাটফর্ম স্থাপন করা বাকি রয়েছে। তাছাড়া উক্ত প্যাকেজে বেশ কয়েকটি নলকূপের পানি না আসা, বালি আসা সহ বিভিন্ন সমস্যা দেখা দিয়েছে। নিম্ন স্বাক্ষরকারী আপনাকে এবং আপনার প্রতিনিধিকে মৌখিক ভাবে বেশ কয়েকবার দ্রুত কাজ সম্পন্ন করার জন্য তাগাদা দিলেও আপনি কর্ণপাত করছেন না। আপনি দীর্ঘ দিন যাবৎ কাজ বন্ধ রাখায় নিম্ন স্বাক্ষরকারী জনসাধারণ, জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তি বর্গের ক্ষোভের শিকার হচ্ছেন। বিভিন্ন সভা ও আলোচনায় অধিদপ্তরকে নিয়ে নেতিবাচক আলোচনা হচ্ছে। এতে নিম্ন স্বাক্ষরকারীকে বিরত হতে হচ্ছে এবং অধিদপ্তরের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হচ্ছে।

অতএব, উক্ত কার্যাদেশে উল্লেখিত বাকি কাজ সমূহ আগামী ১৫ দিনের মধ্যে শেষ করার জন্য আপনাকে বলা হলো। অন্যথায় নিম্নস্বাক্ষরকারী বিধি মোতাবেক কঠোর ব্যবস্থা নিতে বাধ্য হবেন।

প্রাপকঃ M/S Mozaharul Islam
Noakhali Mouza, Sadar,
Noakhali

২৫/২/২২

(শাহাদত হোসেন)

উপ-সহকারী প্রকৌশলী

তারিখঃ ০৫ ফাল্গুন ১৪২৮
২৮ ফেব্রুয়ারী ২০২২

স্মারক নংঃ ৪৬.০৩.৭২৬৩.০৬২.৯৯.০৪৭.১৯- ৫৩/২(৩)

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

০১/প্রকল্প পরিচালক, হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

০২/ নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোনা।

০৩/ অফিস কপি।

২৫/২/২২

(শাহাদত হোসেন)

উপ-সহকারী প্রকৌশলী